

B.A. 3rd Semester (General) Examination, 2022 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-1C/GE-3

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) চর্যাপদ গ্রন্থাকারে কত সালে প্রথম প্রকাশিত হয়? কে সম্পাদনা করেন?
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর পুথি কে আবিষ্কার করেন? 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর রচয়িতার নাম কী?
- (গ) বাংলা রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর অনূদিত গ্রন্থটির নাম কী?
- (ঘ) কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী কোন সময়ে তাঁর কাব্যরচনা করেন? তাঁর লেখা চণ্ডীমঙ্গল কাব্যটির নাম কী?
- (ঙ) চৈতন্য সমসাময়িক দুজন পদকর্তার নাম লেখো।
- (চ) 'অভিনব জয়দেব' কাকে বলা হয়? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।
- (ছ) 'গৌড়ীয় ব্যাকরণ' কার লেখা? গ্রন্থটির প্রথম প্রকাশকাল লেখো।
- (জ) 'প্রভাবতী সম্ভাষণ' কে রচনা করেন? কার স্মরণে এই গ্রন্থটি রচিত হয়?
- (ঝ) বঙ্কিমচন্দ্র রচিত প্রথম উপন্যাস কোনটি? উপন্যাসটির প্রকাশকাল উল্লেখ করো।
- (ঞ) 'শ্রীকান্ত' উপন্যাসটি কে রচনা করেন? এই উপন্যাসের কয়টি পর্ব?
- (ট) প্রথম বাংলা ঐতিহাসিক নাটক কোনটি? নাটকটির কাহিনি কোথা থেকে নেওয়া হয়েছে?
- (ঠ) গিরিশচন্দ্রের লেখা দুটি সামাজিক নাটকের নাম লেখো।
- (ড) রবীন্দ্রনাথের লেখা 'দেনাপাওনা' গল্পটি কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয়?
- (ঢ) 'জিজ্ঞাসা' প্রবন্ধগ্রন্থটি কে রচনা করেন? গ্রন্থটির প্রকাশকাল কত?
- (ণ) জীবনানন্দ দাশের লেখা প্রথম কাব্যগ্রন্থ কোনটি? কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) কৃত্তিবাসের রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো।
- (খ) 'দ্বিতীয় বিদ্যাপতি' কাকে বলা হয়? অভিসারের পদ রচনায় তাঁর কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।
- (গ) বিদ্যাসাগর কোথায় জন্মগ্রহণ করেন? মৌলিক সাহিত্য রচনায় বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।
- (ঘ) মধুসূদন রচিত প্রথম নাটক কোনটি? প্রহসন রচনায় মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।
- (ঙ) রবীন্দ্রনাথ কোন উপন্যাসে প্রথম চলিত গদ্যের প্রয়োগ করেন? সমাজ ও মনস্তত্ত্বমূলক উপন্যাস রচনায় রবীন্দ্রনাথের কৃতিত্ব আলোচনা করো।
- (চ) আধুনিক কবিতা রচনায় সুনীল গঙ্গোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) চর্যাগীতির প্রথম পদকর্তা কে? চর্যাপদে সমকালীন সমাজজীবনের যে চিত্র অঙ্কিত হয়েছে তা আলোচনা করো।
- (খ) যুগসন্ধির কবি হিসেবে ভারতচন্দ্রের কবিকৃতিত্ব আলোচনা করো।
- (গ) ফোর্ট উইলিয়াম কলেজ কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়? বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।
- (ঘ) বাংলা উপন্যাস রচনায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো।